## দিঘলিয়া উপজেলা পরিষদের মার্চ/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৩ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৮ মার্চ ২০২২, সোমবার

সময় : বিকাল ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ফেব্রুয়ারী ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর ১১ নং ক্রমিকে সংশোধনী থাকায় তা পুনরায় সংশোধন করাসহ অন্যান্য ক্রমিকনংগুলো সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ফেব্রুয়ারি ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার ১১ নং ক্রমিক সংশোধন করা এবং অন্যান্য কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেল নির্বাহী অফিসার দিঘলিয়া খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমি সদস্য-সচিবগণ উপজেল পরিষদে ভাইস চেয়ারম্যান |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: ফেব্রুয়ারি/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ১৩,৭৭,৭৩৯ /-<br>মোট ব্যয়- ৭,৫৫,৮১৫/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যা উপজেল পরিষদ উপজেল নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট অ সহকারী |
| ০৪ | উপজেলা শিক্ষা কমিটি | সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, কোভিড-১৯ ২য় পর্যায়ে গত ০২/৩/২০২২ তারিখ থেকে বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম পুনরায় চালু হয়েছে। চলতি বছর যে সকল বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ এবং শ্রেণিকক্ষ সম্প্রসারনের কাজ চলমান থাকার কারনে পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাছাড়া নির্মাণ/সম্প্রসারণ কাজও ধীরগতিতে চলছে বলে সভাকে অবহিত করেন। তিনি বলেন গোয়ালপাড়া এবং দেয়াড়া কলোনী এলাকা বেশ ঘনবসতিপূর্ণ বড় গ্রাম অথচ উক্ত গ্রাম ০২ টিতে কোন সরকারী বিদ্যালয় না থাকায় শিক্ষার সুবিধা পেতে তাদের যথেষ্ট বেগ পেতে হয় বিধায় উক্ত ০২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য তিনি জোর সুপারিশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নির্মাণাধীন নতুন ভবনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে পত্র প্রেরণ ও গোয়ালপাড়া এবং দেয়াড়া কলোনী এলাকায় কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় না | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি বলেন প্রায় ০২ বছর কোভিড-১৯ এর কারনে বিদ্যালয় বন্ধ ছিলো। ০২/০৩/২০২২ তারিখ থেকে বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম পুনরায় চালু হয়েছে। কিন্তু আনুপাতিক হারে শিক্ষক ঘাটতির কারনে অনেক বিদ্যালয়ে সুষ্ঠুভাবে পাঠদান কার্যক্রম দেয়া সম্ভব হচ্ছে না বিধায় যে সকল বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা বেশী আছে সেখান থেকে আপাতত ডেপুটেশনের মাধ্যমে শিক্ষক ঘাটতি পূরণের জোর সুপারিশ করেন। তিনি আরো বলেন সেনহাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিগত ২১/৩/২০২২ তারিখ বেলা ৩.২০ মিনিটে শর্ট সার্কিটের কারনে বিদ্যালয়ে অগ্নি সংযোগ ঘটে এবং ২৮,০০০/- টাকার বৈদ্যুতিক মালামাল পুড়ে নষ্টা হয়ে যায়। উপজেলা পরিষদের তহবিল তেকে উক্ত বিদ্যালয়ে ক্ষতি পূরণের বিষয়টি বিবেচনায় আনতে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | থাকায় নতুন বিদ্যালয় স্থাপনসহ সেনহাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শর্ট সার্কিটের কারনে বিদ্যালয়ে অগ্নি কান্ড ঘটে বৈদ্যুতিক মালামাল পুড়ে যাওয়ায় ২৮,০০০/- টাকার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা কৃষি ও সেচ কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে রবি মৌসুমের বোরো ৩০৫ হেক্টর জমিতে বোরো ধানের বীজতলা অর্জিত হয়েছে এবার বোরো ধানের লক্ষ্যমাত্রা অনুযায়ী রবি মৌসুমে ৪৯০০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদূর্ভাব ও প্রাকৃতিক দূর্যোগ না থাকায় বর্তমানে মাঠে ধানের অবস্থা খুব ভালো। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় খরিপ-২ মৌসুমে ২৫০ হেক্টর জমিতে বিভিন্ন প্রকার সবজি আবাদ নির্ধারন করা হয়েছে। এ মৌসুমে ৩০০ হেক্টর সব্জীর আবাদ হবে বলে উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন। বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া ১০ মে:টন, টিএসপি ১১ মে: টন, ডিএপি, ৬০ মে: টন এমওপি ০৫ মে: টন, যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলে চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলায় কৃষকেদের মাঝে চুঁইঝালের চাষে ব্যপক সাড়া পড়েছে। তিনি আরো বলেন উপজেলায় ৬ টি ইউনিয়নের প্রতিটি ইউনিয়নে ৩ জন করে উপ-সহকারী কৃষি কর্মকর্তা কর্মরত আছেন। ইউনিয়ন সমূহের পরিষদ ভবনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য ১টি করে রুম বরাদ্দ থাকার বিধান রয়েছে। কোথাও কোথাও রুমগুলি কৃষি সম্পসারণ অধিদপ্তরের উপ-সহকারী কর্মকর্তাগণ বসেন এবং কৃষকদের কৃষি বিষয়ক সমস্যার সমাধান দিয়ে থাকেন। প্রতিটি ইউনিয়ন পরিষদে ১ টি করে রুম থাকলে এবং সেখানে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের বসার ব্যবস্থা করতে পারলে কৃষকগন উপকৃত হবেন। কিন্তু দুঃখের বিষয় অনেক স্থানে রুম থাকা সত্বে ও চেয়ার, টেবিলসহ প্রয়োজনীয় ফার্নিচারের অভাবে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগনকে বসানো সম্ভব হচ্ছে না। এমতাস্থায় উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় ফার্নিচার বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তাবায়ন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধসহ উপজেলা পরিষদের এডিপি অথবা রাজস্ব তহবিল হতে অর্থ বরাদ্দ সাপেক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিঘলিয়া বর্ণিত কর্মকান্ডগুলি যথাযথ বাস্তবায়ন করবে এবং ইউনিয়ন পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্ত গনদের প্রয়োজনীয় ফার্ণিচার এর জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০৬ | উপজেলা যুব উন্নয়ন কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ১৩টি প্রশিক্ষণ ব্যচের ৩৯০ জন প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। আগামী মাসে আরো ০১ টি ব্যচের প্রশিক্ষন সম্পন্ন করা হবে। প্রশিক্ষনার্থীদের মাঝে প্রশিক্ষণ সনদপত্র পর্যায়ক্রমে বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের মোট= ২,৬৯০,০০০/- টাকা ঋণ বিতরণ কর হয়েছে। আদায়ের হার মোটামটি ভাল তবে কোভিড ১৯ এর কারণে কিছু খেলাপী আছে, প্রশাসন সহযোগিতার হাত বাড়িয়ে দিলে সকল টাকা আদায় করা সম্ভব হবে বলে মনে করি। দপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম শুরু হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা |
| ০৭ | উপজেলা সমাজকল্যাণ কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে দ্বিতীয় ধাপে ১৫২টি উপজেলা শতভাগ ভাতার আওতায় এসেছে। তন্মধ্যে দিঘলিয়া উপজেলা আছে। এক্ষেত্রে যোগ্য ভাতাভোগীদের অনলাইনে আবেদন করতে বলা হলো। অনলাইনে আবেদন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, উপজেলা ডিজিটাল সেন্টার ও যে কোন স্থানে কম্পিউটারে অনলাইনে আবেদন করা যাবে। তিনি আরো বলেন প্রান্তিক জনগোষ্টির জীবনমান উন্নয়ন | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগ্য ভাতা প্রার্থীদের অনলাইনে ভাতার আবেদন করার জন্য প্রচার চালানো ও উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন হতে যাচ্ছে। সেখানে কামার, কুমার, জুতার কাজ, বাঁশ ও রেতেরকাজ, সেলুন, কাশা পিতল, নকশী কাথা, বংশীবাদক ইত্যাদি শ্রেনী পেশার মানুষের জন্য প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী অনুদান দেয়া হবে। এক্ষেত্রে নির্দিষ্ট জরীপ ফরমে আবেদন করা যাবে। | প্রান্তিক জনগোষ্টির উক্ত পেশাভিত্তিক লোকদের জরীপ ফরম পূরন ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ৫০তম জাতীয় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় অত্র উপজেলার ৬ জন শিক্ষার্থী জাতীয় পর্যায়ে পদক পাওয়ায় তাদেরকে অভিনন্দন জানাই এবং পদকপ্রাপ্ত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষকদেরকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়ার জন্য অনুরোধ করছি। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মনোন্নয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৫০তম জাতীয় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত ৬ জন শিক্ষার্থী ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষকদেরকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া খুলনা। |
| ০৯ | বিবিধি আলোচনা। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, ২০২১ সনের আশ্রয়ন প্রকল্পের যে ঘর করা হয়েছে তা সরকার কর্তৃক প্রেরিত প্রাক্কলন মোতাবেক নির্মাণ করা হয়েছে। তিনি বলেন যারা ঘর পেয়েছে তারা যাতে ঐ ঘর গুলোর প্রতি যত্নবান হন। তাহলে তা বেশ টেকসই হবে। তিনি বলেন দিঘলিয়া ইউনিয়নে আশ্রয়ন প্রকল্পের ঘর তৈরীর জন্য যে জায়গা ক্রয় করা হয়েছে সেখানে অতিদ্রুত ঘর নির্মাণ করা হবে। তিনি সকল ইউপি চেয়ারম্যানদের অবশিষ্ট প্রকৃত ভূমিহীনদের তালিকা প্রস্তুতপূর্বক জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নতুন ঘরের বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে ঘর নির্মাণ কাজ শুরুসহ সকল ইউপি চেয়ারম্যানদের যাচাই বাছাই অন্তে প্রকৃত ভূমিহীনদের তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ও ইউডিএফ প্রকল্পের প্রকল্পকমিটির কাজ সমাপ্ত হয়েছে। মরাগাছের টেন্ডার আহবান করে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। ঠিকাদার এর অনুকূলে কার্যদেশ প্রদান করে কাজ বাস্তবায়ন করা হবে। তিনি আরো বলেন এডিপি ও ইউডিএফ প্রকল্পের টেন্ডারের দাখিলকৃত দরপত্রগুলি ওপেনিং কমিটি ও মূল্যায়ন কমিটিদের আলাদা কোন সম্মানি ভাতার প্রদানের জন্য কোন বরাদ্দ না থাকায়। উপজেলা এডিপি ও ইউডিএফ কাজের তদারকীর জ্বালানী ও আনুসঙ্গিক খরচ থেকে দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানী ভাতা বাবদ মোট=৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা প্রদানের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার এর অনুকূলে কার্যদেশ প্রদান করাসহ এডিপি ও ইউডিএফ দরপত্রগুলির ওপেনিং কমিটি ও মূল্যায়ন কমিটিদের সম্মানি ভাতা না থাকায় এডিপি ও ইউডিএফ কাজের তদারকীর জ্বালানী ও আনুসঙ্গিক খরচ থেকে =৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পানিগাতী গ্রামে নতুন করে আরো কিছু আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ করা হবে। তিনি বলেন গাজীরহাট ইউনিয়নের বাগমারায় আরো কিছু আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদ্বয়কে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন মর্মে সভায় অবহিত করেন। এছাড়া তিনি সকল চেয়ারম্যানদের নিয়মিত গ্রাম আদালতের মামলাসমূহ নিষপ্তি করার আহবান জানান। তিনি আরো বলেন উপজেলা পরিষদের কয়েকটি পুরাতন সিসি ক্যামেরা নষ্ট হয়ে যাওয়ায় মেরামত করা প্রয়োজন। সাব রেজিস্টার ও | সভায় বিস্তারিত আলোচনান্তে দিঘলিয়া ইউনিয়ন ও গাজীরহাট ইউনিয়নের চেয়ারম্যানদ্বয়কে প্রয়োজনীয় সহযোগীতা করাসহ নিয়মিত গ্রাম আদালতের মামলা | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রানীসম্পদ অফিসারের কার্যালয়ে জরুরী ভিত্তিতে সিসি ক্যামেরা স্থাপন করা দরকার। তা ছাড়া পরিষদের অভ্যন্তরে কয়েকটি সোলার লাইট স্থাপন করা প্রয়োজন। | নিষ্পত্তি করা এবং কয়েকটি পুরাতন নষ্ট সিসি ক্যামেরা মেরামত করা ও উপজেলা সাব রেজিষ্টার ও প্রানীসম্পদ অফিসে সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, দিঘলিয়া ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে প্রায় ৩০০০ (তিন) হাজার লোকের বসবাস থাকা সত্ত্বেও সেই গ্রামে কোন সরকারি প্রাথমিক বিদ্যালয় না থাকায় ঐ এলাকায় বসবাসকারীদের ছেলেমেয়েদের লেখাপড়া শিখানোর জন্য পার্শ্বের গ্রামে প্রায় এক কিলোমিটার দূরে সুগন্ধি গ্রামে যে শিক্ষা কার্যক্রম চালাতে হয়। এছাড়া দেয়াড়া পশ্চিমপাড়া (দেয়াড়া কোলনী)তে একই অবস্থা হওয়ায় সেখানেও একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে দিঘলিয়া ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে এবং দেয়াড়া কোলনীতে পৃথখ দুইটি সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |

**ফেব্রুয়ারি, ২০২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের ফেব্রুয়ারি/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি /২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি /২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর ফেব্রুয়ারি /২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১২,৬৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর ফেব্রুয়ারি /২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১২,৬৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর ফেব্রুয়ারি /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১২,০৮২/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ফেব্রুয়ারি /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ফেব্রুয়ারি /২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মোঃ মিজানুর রহমান, উপজেলা পরিষদের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের বিল বাবদ=২৪,৭২৫/-<br>১৩। মোঃ মিজানুর রহমান, উপজেলা পরিষদের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের বিল বাবদ=২৪,৯৫৫/-<br>১৪। মোঃ মিজানুর রহমান, উপজেলা পরিষদের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের বিল বাবদ=৮,৩২৫/-<br>১৫। মোসাঃ সালেহা বেগম অফিস সহায়ক, এর নামে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ উদযাপন উপলক্ষ্যে ব্যয়িত অর্থের বিল বাবদ=২০,০০০/-<br>১৬। সম্পাদক, ঢাকা ট্রিবিউন ঢাকা এর অনুকূলে জাইকার কাজের দরপত্র বিজ্ঞপ্তি বিল বাবদ =৯০১৫/-<br>১৭। সম্পাদক, দৈনিক জন কন্ঠ ২৪ এনিউইস্কাটন রোড ঢাকা জাইকার কাজের দরপত্র বিজ্ঞপ্তি বাবদ=১৫,৫৮৩/-<br>১৮। সম্পাদক দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা জাইকার কাজের দরপত্র বিজ্ঞপ্তি বাবদ=১৮,৬৯৯/-<br>১৯। সম্পাদক দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা জাইকার কাজের দরপত্র বিজ্ঞপ্তি বাবদ=২৪,৯৩২/-<br>২০। মোঃআজিজুর রহমান, প্রকল্পা সভাপতি ইউপি সদস্য পানিগাতী দিঘলিয়া, খুলনা উপজেলা পরিষদের | ৭,৪৯,৫৫১/- |

| | |
|---|---|
| অফিসের আসবাবপত্র সরবরাহ কাজের বিল বাবদ=২,০০,০০০/-<br>২১। মেসার্স কাজী এন্টার প্রাইজ এর নামে উপজেলা পরিষদের পুরাতন ভবনের অস্থায়ী মসজিদের টয়লেট ও প্রসাবখানা নির্মান কাজের বিল বাবদ=২৫০০০/-<br>২২। মোঃ কবির হোসেন নিরাপত্তা প্রহরী এর নামে উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়াটার মালতী ভবনের মেরামত কাজের বিল বাবদ =২৫,০০০/-<br>২৩। মোসাঃ সালেহা বেগম স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী উপলক্ষ্যে বিভিন্ন খরচের বিল=১,০০,০০০/-<br>২৪। মোঃ আব্দুল হাকিম অফিস সহায়ক, বনলতা কোয়াটার এর নিচতলা দুইটি রুম মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>২৫। মোঃ আব্দুল হাকিম অফিস সহায়ক, বনলতা কোয়াটার এর নিচতলা দুইটি রুম মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>২৬। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১১,৪৩৫ | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ২৮৫

তারিখ: ২৮.০৩.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ..............................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ..........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

(মোঃ মহিবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২